

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৫২

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ রাগাম্বিত হলে কী পড়বে

باب مَا يَقُولُ عِنْدَ الْغَضَب

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بِن عَيْلاَن ، حَدَّثَنَا عَبِيصة ، أَخْبَرَنَا سُفْيَان ، عَنْ عَبْدِ الْمَلِك بِن عُمَيْر ، عَنْ عَبْدِ الرَّحْمَن بِن أَبِي لَيْلَى ، عَنْ مُعَاذ بْن جَبَل ، رضى الله عنه قَالَ اسْتَبَّ رَجُلاَنِ عِنْد النَّبِيِّ صلى الله عليه وسلم حَتَّى عُرِفَ الْغَضَبُ فِي وَجْهِ أَحَدِهِما فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنِي لأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا لَدَهَبَ غَضَبُهُ أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ " . عَدَّثَنَا بُنْدَار ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِن سُفْيَان ، بِهَذَا الإسْنَاد نَحُوهُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سُلْيْمَان بْنِ صَرُد قَالَ وَهَذَا حَدِيثٌ مُرْسَلٌ . عَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِنْ مُعَاذ بْنِ جَبَل مَاتَ مُعَاذ فِي خِلاَفَةِ عُمَر بْنِ الْخَطَّاب وَقُتِلَ عُمَرُ بْنُ الْخَطَّاب وَعَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى لَمْ يَسْمَعْ مِنْ مُعَاذ بْن جَبَل مَاتَ مُعَاذ فِي خِلاَفَةِ عُمَر بْنِ الْخَطَّاب وَقُتِلَ عُمَرُ بْنُ الْخَطَّاب وَعَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى عُلُامٌ ابْنُ سِتِ سِنِينَ وَهَكَذَا رَوَى شُعْبَة عَنِ الْحَكَم عَنْ عَبْد الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى عُلُامٌ ابْنُ سِتِ سِنِينَ وَهَكَذَا رَوَى شُعْبَة عَنِ الْحَكَم عَنْ عَبْد الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى وَقَدْ رَوَى عَبْدُ الرَّحْمَن بْنُ أَبِي لَيْلَى عَنْ عُمَرَ بْنِ الْخَطَّاب وَرَاهُ وَعَدْ الرَّحْمَن بْنِ أَبِي لَيْلَى وَقَدْ رَوَى عَبْدُ الرَّحْمَن بْنِ أَبِي لَيْلَى عَنْ عُمْر بْنِ الْخَطَّاب وَرَاهُ كَالَ الْدُرَكْتُ عِشْرِينَ وَمِائَةً مِنَ الْأَنْصَارِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৩৪৫২. মাহমূহ ইবন গায়লান (রহঃ) মুআয ইবন জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সম্মুখে দুই ব্যক্তি পরস্পর গালিগালাজ করছিল। এমনকি একজনের চেহারায় ক্রোধের আভাস ফুঠে উঠে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি এমন একটা কালিমা জানি যদি সে পাঠ করে তবে তার ক্রোধ প্রশমিত হয়ে যাবে। তা হলঃ (أُعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ)

সহীহ, রাওযুন নাযীর ৬৩৫, বুখারি ৬১১৫, মুসলিম ৮/৩০-৩১, সুলাইমান ইবনু সুরাদ হতে, তিরমিজী হাদিস



নম্বরঃ ৩৪৫২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সুলায়মান ইবন সুরাদ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিসটি বর্ণিত আছে। মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ... সুফায়ান (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। হাদিসটি মুরসাল।

আবদুর রহমান ইবন আবূ লায়লা (রহঃ) সারাসরি মুআ্য ইবন জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকে কোন হাদিস শুনেন নি। মু'আ্য রাদিয়াল্লাহু আনহু মারা যান উমার রাদিয়াল্লাহু আনহু এর খিলাফতকালে। আর উমার রাদিয়াল্লাহু আনহু যখন শহিদ হন তখন আবদুর রহমান ইবন আবূ লায়লা ছয় বছর বয়সের শিশু মাত্র।

শু'বাও এটি হাকাম সূত্রে আবদুর রহমান ইবন আবু লায়লা (রহঃ) থেকে কোন হাদীস শুনেন নি। আবদুর রহমান ইবন আবু লায়লা (রহঃ) উমার রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস বর্ণনা করেছেন এবং তিনি তাকে দেখেছেনও। আবদুর রহমান ইবন আবু লায়লা (রহঃ) এর কুনিয়াত আবু ঈসা। আর আবু লায়লা (রহঃ) এর নাম হল ইয়াসার। আবদুর রহমান ইবন আবু লায়লা (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেছেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একশত বিশজন আনসারী সাহাবীকে পেয়েছি।

English

Mu`adh bin Jabal narrated:

that one of the two men cursed the other next to the Prophet (ﷺ), until anger could be recognized in the face of one of them. So the Prophet (ﷺ) said: "Verily, I know a statement, that if he were to say it, his anger would leave: 'I seek refuge in Allah from Shaitan, the rejected (A`ūdhu billāhi minash-shaiṭānir-rajīm).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন